সূত্র : নিক-১১
তারিখ: অক্টোবর ১২, ২০২৫

আগামী ২৯ নভেম্বর ২০২৫ তারিখে অনুষ্ঠিতব্য
কুমিল্লা জিলা স্কুল অ্যালামনাই এসোসিয়েশনের কেন্দ্রীয় কার্যনির্বাহী পরিষদ নির্বাচনের সম্মানিত ভোটারবৃন্দ,
আসসালামু আলাইকুম ও আন্তরিক শুভেচ্ছা।

নির্বাচন কমিশন কর্তৃক জারিকৃত তফসিল অনুযায়ী বিগত ৯ অক্টোবর ২০২৫ তারিখে ১৯৭২ জন ভোটার নিয়ে নির্বাচন কমিশন চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করেছে।

চূড়ান্ত ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্ত হয়নি বিধায় কিছু সংখ্যক সদস্য নির্বাচন কমিশনের নিকট তাদের নাম অন্তর্ভুক্ত করার অনুরোধ জানান একই সাথে আহ্বায়ক কমিটি নির্বাচন কমিশনকে অবহিত করেন যে, সর্বশেষ তারিখে যে সব সদস্য তালিকাভুক্ত হয়েছেন তাদের তালিকা ঢাকায় কুরিয়ার সার্ভিসের মাধ্যমে প্রেরণ করা হয় কিন্তু ১৯ জন সদস্যের সকল কাগজপত্রের খামটি প্রক্রিয়াকরণের জন্য সুনির্দিষ্ট কর্মকর্তার কাছে পূজার ছুটি জনিত কারণে সময়মত পৌছায় নি।

নির্বাচন কমিশন বিষয়টির উপর তদন্ত করে এবং সর্বশেষ তারিখের মধ্যে ব্যাংকে এই ১৯ জনের টাকা জমা হয়েছে নিশ্চিত হয়ে তাদেরকে চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভুক্তির সিদ্ধান্ত গ্রহণ করে।

আজ ১২ অক্টোবর ২০২৫ তারিখে সংশোধিত ১৯৯১ জন ভোটার নিয়ে সংশোধিত চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করছে। এই তালিকা প্রকাশের সাথে সাথে বেশ কিছু ভোটারের ভোটার নম্বর সংশোধিত হয়েছে।

এখানে আরো উল্লেখ করতে চাই যে, মনোনয়নপত্রে যদি কেউ আগের ভোটার নম্বর উল্লেখ করে মনোনয়নপত্র জমা করেন তাহলে নির্বাচন কমিশন নিজ দায়িত্বে নূতন ভোটার নম্বর সংশোধন করবেন এবং ভোটার নম্বরের জন্য মনোনয়নপত্রের নির্ভুলতা ক্ষুণ্ন হবে না।

আগামী ১৬ অক্টোবর ২০২৫ তারিখ বিকেল ৪ ঘটিকা পর্যন্ত মনোনয়নপত্র জমা করা যাবে। আগামী ১৯ অক্টোবর ২০২৫ তারিখে নির্বাচন কমিশন প্রতিটি পদের জন্য কত সংখ্যক প্রার্থী তাদের মনোনয়নপত্র জমা দিয়েছেন তার শুধুমাত্র সংখ্যা প্রকাশ করবেন। মনোনয়নপত্রের সকল বিষয়ের সঠিকতা যাচাই করে নির্বাচন কমিশন আগামী ২৬ অক্টোবর ২০২৫ তারিখে সকল যোগ্য প্রার্থীর বিস্তারিত তথ্য প্রকাশ করবেন।

১৯ অক্টোবর ২০২৫ তারিখের পর থেকে নির্বাচন কমিশনে মনোনয়নত্র জমাদান করেছেন এমন প্রার্থীদের সাথে প্রতি নিয়ত অনলাইনের মাধ্যমে Virtual Meeting করতে থাকবেন । অনলাইন সভার মাধ্যমেই এবং WhatsApp গ্রুপের মাধ্যমে সকল প্রার্থীর মতামত নিয়ে নির্বাচন কমিশন কর্তৃক প্রস্তুতকৃত খসড়া "নির্বাচন আচরণবিধি" চূড়ান্ত করবেন এবং নির্বাচন সংক্রান্ত সকল বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবেন।

নির্বাচন বিধিমালার ৬(৪) এর ধারায় "নির্বাচনে ইচ্ছুক ব্যক্তি একই পদের জন্য একাধিক মনোনয়নপত্র দাখিল করিতে পারিবেন। যে কোন একটি মনোনয়নপত্র সঠিক বলিয়া পরিগণিত হইলে অপরাপর মনোনয়নপত্র বা মনোনয়নপত্র সমূহ বাতিল হইয়া যাইবে। তবে একই ব্যক্তি একাধিক পদের জন্য মনোনয়নপত্র দাখিল করিলে তাহার সকল মনোনয়নপত্র বাতিল বলিয়া গন্য হইবে;"

উপরে উল্লেখিত একাধিক মনোনয়নপত্রের জন্য প্রার্থীকে মনোনয়নপত্রের মূল্য ২০০০ টাকা শুধুমাত্র একবারই পরিশোধ করতে হবে । একাধিক মনোনয়নপত্র প্রথমে ফটোকপি করে আলাদা আলাদাভাবে পূরণ করতে হবে। কিন্তু সকল ক্ষেত্রে মনোনয়নপত্র নির্ভুল হতে হবে । ছবি, জীবন বৃত্তান্ত, Money Receipt এর কপি একবার দিলেই চলবে ।

আমাদের আজকের অংগীকার হউক একটি অংশগ্রহণমূলক, স্বচ্ছ এবং সবার জন্য সমান সুযোগ নিশ্চিত করে  নিরপেক্ষ নির্বাচন, যার মাধ্যমে একটি Most Dynamic নেতৃত্ব গড়ে উঠবে।

আমরা সকল সদস্যের সক্রিয় অংশগ্রহণ ও সর্বাঙ্গীন সাফল্য কামনা করছি।

শুভেচ্ছান্তে
একেএম কামরুল ইসলাম, এফসিএ
প্রধান নির্বাচন কমিশনার
নির্বাচন কমিশন
কুমিল্লা জিলা স্কুল অ্যালামনাই এসোসিয়েশন